তারিখ ........ 2 3 MAR 2009
পৃষ্ঠা ... ১৬

দৈনিক
ইত্তেফাক

# ইংলিশ মিডিয়াম স্কুলে ছাত্র-ছাত্রীদের তল্লাশী করা হচ্ছে

॥ জামিউল আহসান সিপু ॥

ধানমন্ডি আবাসিক এলাকার এক অভিভাবক তার ৫ বছরের সন্তানের স্কুলের প্যারেন্টস আইডি কার্ড(অভিভাবক পরিচয়পত্র) হারিয়ে ফেলেছেন। এ পরিচয়পত্র ছাড়া সন্তানকে স্কুল থেকে নিয়ে যেতে পারবেন না। তাই ঐ অভিভাবক স্কুলের প্রশাসনিক কর্মকর্তা শায়লা পারভীনের কাছে অনুরোধ করেন তার সন্তানকে পরিচয়পত্র ছাড়া নিয়ে যাওয়ার অনুমতি প্রদানের। বিষয়টি যাচাই-বাছাই করার পর শায়লা পারভীন জানান যে, যেহেতু চারদিকে একটু আতংক চলছে তাই আমরাও স্কুলের নিরাপত্তা ব্যবস্থা আরো কড়াকড়ি করেছি।

শুধু এই ইংলিশ মিডিয়াম স্কুলই নয়, রাজধানীর সকল ইংলিশ মিডিয়াম স্কুলে কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গত বুধবার ডিএমপি কমিশনার এ কে এম শহীদুল হকের সঙ্গে রাজধানীর ইংলিশ মিডিয়াম (১৫শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ইংলিশ মিডিয়াম স্কুলে (১৬ পৃঃ পর)

স্কুলগুলোর প্রতিনিধিদের একটি বৈঠক হয়। বৈঠকে নাশকতার আশংকায় পুলিশের পক্ষ থেকে স্কুলগুলোতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার পরামর্শ দেয়া হয়। এরপর থেকেই রাজধানীর প্রায় দেড়শ ইংলিশ মিডিয়াম স্কুলে চলছে কড়া নিরাপত্তা ব্যবস্থা। সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষের পাশাপাশি পুলিশ ও র‌্যাব নিরাপত্তার ব্যবস্থা নিয়েছে।

ইংলিশ মিডিয়াম স্কুলগুলোর প্রায় সবগুলোই ধানমন্ডি, গুলশান ও উত্তরায় অবস্থিত। ধানমন্ডি থানার ওসি মহসীনুল হক জানান, স্কুলের সামনে পুলিশ মোতায়েন করা হয়নি। কারণ এতে কোমলমতি শিক্ষার্থীদের মাঝে আরো আতংক সৃষ্টি হতে পারে। ধানমন্ডি এলাকার স্কুলের নিরাপত্তার জন্য ২টি মোটর সাইকেল মোবাইল টিম গঠন করা হয়েছে। এরা মোটর সাইকেলে স্কুলগুলোতে ক্লাস চলাকালীন সময়ে টহল দিবে। এছাড়া ৩টি টহল টিম গঠন করা হয়েছে। এরা পিকআপ গাড়িতে করে স্কুল এলাকায় টহল দিবে। পুলিশের গুলশান বিভাগের সহকারী কমিশনার হারুন-উর-রশিদ বলেন, গুলশান এলাকায় ইংলিশ মিডিয়াম স্কুলের সংখ্যা এতই বেশি যে, কোন স্কুলের সামনে পুলিশ মোতায়েন করে নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব নয়। একারণে প্রতিটি স্কুলে নিজস্ব ব্যবস্থাপনায় নিরাপত্তা ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয়েছে। তবে স্কুলের বাইরে নিরাপত্তার জন্য টহল পুলিশের ব্যবস্থা করা হয়েছে।

গতকাল সকালে ধানমন্ডির ৭/এ রোডের ৬১ নম্বর বাড়িতে অবস্থিত ম্যাপল লীফ স্কুলে গিয়ে দেখা গেছে সিকিউরিটি গার্ডরা শিক্ষার্থীদের স্কুল ব্যাগ চেক করে প্রবেশ করাচ্ছে। যেসব শিক্ষার্থীর অভিভাবকরা ভিতরে প্রবেশ করছেন তাদের শরীর মেটাল ডিটেক্টর দিয়ে তল্লাশি করা হচ্ছে। স্কুলের সুপারভাইজার আসাদুজ্জামান জানান, সকালে স্কুল শুরুর আগে ক্লাস রুমগুলো ভাল করে পরীক্ষা করা হয়। স্কুলের ভেতরে নিরাপত্তার জন্য ৩ জন সিকিউরিটি গার্ড রয়েছে। এছাড়া স্কুলের সামনে সাদা পোশাকে আরো ২ জন সিকিউরিটি গার্ড রয়েছে।

ধানমন্ডির ৭ নম্বর রোডে অবস্থিত সানিড্যাল স্কুলের সিনিয়র শাখায় গিয়ে কথা হয় ঐ স্কুলের প্রশাসনিক কর্মকর্তার সঙ্গে। তিনি জানান, স্কুলে শিক্ষার্থী ছাড়া কাউকে প্রবেশ করতে দেয়া হয় না। সিকিউরিটি গার্ডরা মেটাল ডিটেক্টর নিয়ে তল্লাশি করে শিক্ষার্থীদের প্রবেশ করাচ্ছে। স্কুলের সামনে হকারদের বসতেও নিষেধ করা হয়েছে।

ইউরোপিয়ান স্ট্যান্ডার্ড স্কুলের অধ্যক্ষ জেরিন আলম জানান, স্কুলে সিসি টিভি বসানো হয়েছে। ত্যেক শিক্ষার্থীকে তল্লাশি করে প্রবেশ করানো হয়। স্কুলের সামনে হকার বসাও নিষিদ্ধ করা হয়েছে। ড়া গুলশান, উত্তরা, বারিধারা, মোহাম্মদপুর ও ডিওএইচএস এলাকার ইংলিশ মিডিয়াম গুলোতেও নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়েছে।